**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 19-02-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

## Jal Jeevan Mission-CM :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন ত্রিপুরায় গ্রামীণ এলাকায় নলের মাধ্যমে পানীয় জল পৌঁছানোর কাজ চলতি বছরের ৩০শে সেপ্টেম্বরের মধ্যে শেষ করার লক্ষমাত্রা নেওয়া হয়েছে। গতকাল রাজস্থানের জয়পুরে কেন্দ্রীয় জলশক্তি মন্ত্রকের অধীন জাতীয় জল মিশনের উদ্যোগে বিভিন্ন রাজ্যের জলসম্পদ মন্ত্রীদের দ্বিতীয় সম্মেলনে বক্তব্য রাখতে গিয়ে মুখ্যমন্ত্রী একথা বলেন। তিনি বলেন, এখন পর্যন্ত রাজ্যে ৪ হাজার ৩৪৭টি বিদ্যালয়ে এবং ৮৮ হাজার ৪৩৫টি অঙ্গনওয়াড়ি কেন্দ্রে নলের মাধ্যমে জল পৌঁছ‍োনোর কাজ চলছে। মুখ্যমন্ত্রী বলেন রাজ্যে ৭ লক্ষ ৫0 হাজার বাড়ির মধ্যে ৬ লক্ষ ৩৮ হাজার বাড়িতে জল পৌঁছানো হয়েছে। পানীয় জলের জন্য রাজ্যের ৮টি জেলায় ৯৭৫টি অমৃত সরোবরও নির্মাণ করা হয়েছে। তিনি আরো বলেন, জলের চাহিদা মেটাতে ৩0৩টি উদ্ভাবনী জল প্রকল্প গ্রহণ করা হয়েছে।

********************

## Pankaja G Munde :

মহারাষ্ট্র সরকারের পরিবেশ ও পশুপালন মন্ত্রী পঙ্কজা গোপীনাথ মুন্ডে দু'দিনের রাজ্য সফরের উদ্দেশ্যে গতকাল আগরতলায় আসেন| তিনি লিচুবাগানস্থিত ব্যাম্বু অ্যান্ড কেইন ডেভেলপমেন্ট ইনস্টিটিউশন পরিদর্শনে গিয়ে বিভিন্ন প্রজাতির বাঁশ ও বাঁশের তৈরি বিভিন্ন কারুকার্য ঘুরে দেখেন। শ্রীমতি মুন্ডে

সাংবাদিকদের জানান, ত্রিপুরার মত মহারাষ্ট্রেও ব্যাম্বু মিশন স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হবে। আগামী দিনে ত্রিপুরার সঙ্গে মহারাষ্ট্র সরকারের এই বিষয়ে মউ স্বাক্ষরিত হতে পারে।

**********************

**Disha-Biplab Deb :**

সাংসদ বিপ্লব কুমার দেবের পৌরহিত্যে গতকাল আগরতলায় রাজ্য অতিথিশালায় পশ্চিম ত্রিপুরা জেলা ভিত্তিক দিশা কমিটির পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়। তিনি বলেন, কেন্দ্রীয় সরকারের বিভিন্ন প্রকল্প এবং পরিকল্পনা রাজ্য সরকার বাস্তবায়িত করে চলেছে।এই পরিকল্পনাগুলিকে সঠিকভাবে জনগণের কাছে পৌঁছে দিতেই প্রতি তিন মাস অন্তর অন্তর দিশার এধরনের বৈঠক অনুষ্ঠিত হচ্ছে |

********************

**PMFBY :**

প্রধানমন্ত্রী ফসল বীমা যোজনা-র গতকাল নয় বছর পূর্ণ হয়।প্রাকৃতিক দুর্যোগের ফলে ফসলের ক্ষতি হলে ক্ষতিগ্রস্ত কৃষকদের আর্থিক সহায়তা প্রদানের উদ্দেশ্যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ২০১৬ সালে এই প্রকল্পটি চালু করেছিলেন।

এই প্রকল্পটি কৃষকদের আয় স্থিতিশীল করার পাশাপাশি উদ্ভাবনী কৃষি পদ্ধতি গ্রহণের প্রচারে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। এই প্রকল্পের সাফল্য এবং সম্ভাবনার পরিপ্রেক্ষিতে কেন্দ্রীয় মন্ত্রিসভা ২০২৫-২৬ সাল পর্যন্ত প্রধানমন্ত্রী ফসল বীমা যোজনা এবং পুনর্গঠিত আবহাওয়া-ভিত্তিক ফসল বীমা প্রকল্প অব্যাহত রাখার অনুমোদন দিয়েছে|

***********************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৩শে ফেব্রুয়ারী রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ বিদেশের জনগনের সঙ্গে মত বিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’–এর ১১৯তম পর্ব। প্রধানমন্ত্রী জনগণকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা ‘মন-কি-বাত’ এ জানানোর আহ্ববান জানিয়েছেন। my gov open forum –এ এবং নম: APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজীতে মতামত রেকর্ড করানো যাবে। এছাড়াও, ১৯২২ নম্বরে মিসকল দিলে যে লিংক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

********************

**District Level Saras Fair**:

দক্ষিন জেলা ভিত্তিক পাঁচদিনের দ্বিতীয় সরস মেলা গতকাল  উত্তর বিলোনিয়া হাইস্কুল মাঠে শুরু হয়েছে ।এর উদ্বোধন করেন জিলা  পরিষদের সভাধিপতি দীপক দত্ত। বিধায়ক মাইলাফ্রু  মগ,  স্বপ্না মজুমদার, বিলোনীয়া পুর পরিষদের চেয়ারম্যান  নিখিল চন্দ্র গোপ, ভারতচন্দ্রনগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান পুতুল পাল বিশ্বাস প্রমুখ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ।মেলায় জেলার ৫0টি স্ব - সহায়ক দলের এবং  রাজ্য সরকারের ১0 টি দপ্তরের  প্রদর্শনী মন্ডপ খোলা হয়েছে ।প্রতিদিন সন্ধ্যায় থাকবে সাংস্কৃতিক অনুষ্ঠান |

********************

**Drone Tecnology :**

ড্রোন টেকনোলজির মাধ্যমে আগরতলা পুর নিগম এলাকায় ভূমি জরিপের কাজ শুরু হয়েছে।পুর নিগমের কনফারেন্স হলে আয়োজিত অনুষ্ঠানে বিধানসভার উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল গতকাল এই কর্মসূচির সূচনা করেন| মেয়র দীপক মজুমদার, বিধায়িক মিনারাণী সরকার, পুর কমিশনার শৈলেশ কুমার যাদব

প্রমুখ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন| মেয়র শ্রী মজুমদার জানান, পুর নিগম এলাকায় এই ভূমি জরিপের কাজ আগামী একবছরের মধ্যে সম্পূর্ণ হবে।

***********************

**Dukli Deputation** :

সারা ভারত কৃষক সভা এবং ত্রিপুরা ক্ষেতমজুর ইউনিয়নের ডুকলি মহকুমা কমিটির পক্ষ থেকে ৯ দফা দাবিতে গতকাল ব্লকে কৃষি আধিকারিকের কাছে গনডেপুটেশন প্রদান করা হয়| কৃষক সভার রাজ্য সম্পাদকমণ্ডলীর সদস্য নারায়ণ দেব বলেন, অতি বন্যায় ক্ষতিগ্রস্ত কৃষকদের ক্ষতি নিরূপণ করা, ক্ষতিগ্রস্ত কৃষকদের জন্য মরশুমি বীজ ধান এবং সবজি চাষের জন্য আর্থিক সাহায্য করা সহ বিভিন্ন দাবীতে তারা এই ডেপুটেশন প্রদান করেন|

**********************

**Weather :**

আজকের আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। রাজ্যের কিছু কিছু স্থানে বজ্রবিদ্যুৎ-সহ হালকা বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে| আজ দিনের তাপমাত্রা সর্বোচ্চ ৩০ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৯ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা পরিলক্ষিত হয়েছে ১৮ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস।

**********************

***************